রামগতি পৌরসভা কার্যালয়
রামগতি,লক্ষ্মীপুর।
স্থাপিত-২০০০খ্রিঃ
ই-মেইলঃ ramgatipourashova@gmail.com

স্মারক নং-রাপৌ/সভাঃ কাঃ/২০২৩-৩৫৫ তারিখঃ ১৯/১০/২০২৩খ্রিঃ

**সভা নং-৩২**

পৌর পরিষদের মাসিক (অক্টোবর'২০২৩খ্রিঃ) সভার কার্য বিবরনীঃ

সভাপতি: এম মেজবাহ উদ্দিন, মেয়র, রামগতি পৌরসভা, রামগতি, লক্ষ্মীপুর।

তারিখ: ১৯/১০/২০২৩খ্রিঃ

সময়: বেলা ১১.০০ ঘটিকা।

স্থান: পৌরসভা সভাকক্ষ।

সভার উপস্থিতি:

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম | ওয়ার্ড নং | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | গীতা রানী দাস | সংরক্ষিত মহিলা আসন-১ | স্বাক্ষরিত |
| ০২ | আকলিমা বেগম | সংরক্ষিত মহিলা আসন-২ | স্বাক্ষরিত |
| ০৩ | নাছিমা বেগম | সংরক্ষিত মহিলা আসন-৩ | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ জয়নাল আবেদীন | সাধারন আসন-০১ | স্বাক্ষরিত |
| ০৫ | তাপস চন্দ্র দাস | সাধারন আসন-০২ | স্বাক্ষরিত |
| ০৬ | নিজাম উদ্দিন | সাধারন আসন-০৩ | স্বাক্ষরিত |
| ০৭ | মোঃ নুর নবী | সাধারন আসন-০৪ | স্বাক্ষরিত |
| ০৮ | শাহাদাৎ হোসেন | সাধারন আসন-০৫ | স্বাক্ষরিত |
| ০৯ | মোহাম্মদ নেছার উদ্দিন | সাধারন আসন-০৬ | --- |
| ১০ | মুহাম্মদ দিদারুল ইসলাম খন্দকার | সাধারন আসন-০৭ | স্বাক্ষরিত |
| ১১ | ছৈয়দ মুরতাজা আল আমিন | সাধারন আসন-০৮ | --- |
| ১২ | মোঃ ফারুকুল ইসলাম বাবলু | সাধারন আসন-০৯ | স্বাক্ষরিত |

সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভার শুরুতে পবিত্র কুরআন থেকে তেলোয়াত করেন রামগতি পৌরসভার ০৮নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন এবং পবিত্র গীতা থেকে পাঠ করে ১,২ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস। এরপর সভা পরিচালনা করার জন্য মেয়র মহোদয় পৌর নির্বাহী কর্মকর্তা রামগতি পৌরসভাকে আহবান করেন।

| সূচী নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদনঃ- | সভায় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব এ.বি.এম শাহজাহান, কার্য সহকারী কর্তৃক বিগত সভার কার্য-বিবরণী পড়ে শুনানো হয় এবং কোন ধরনের সংশোধন, সংযোজন-বিয়োজন থাকলে তা নিয়ে আলোচনা করার জন্য অনুরোধ করেন। | কোন সংশোধনি না থাকায় ২৫/০৯/২০২৩ইং তারিখের কার্য-বিবরণী সর্বসম্মতক্রমে অনুমোদিত হয়। |
| ০২ | আলেকজান্ডার বাজারে কিচেন মার্কেট নির্মাণ নিয়ে অপপ্রচারের বিরুদ্ধে আলোচনাঃ | সহকারী প্রকৌশলী ও পৌর নির্বাহী কর্মকর্তা জনাব কামরুল হাসান সভায় জানান যে, গত ১৯/০২/২০২৩ মাসের TLCC সভা ও ২৫/০৩/২০২৩ মাসের মাসকি সভার সিদ্ধান্তক্রমে আলেকজান্ডার মাছ বাজার সংলগ্ন কাঁচা বাজার স্থানে পৌর কিচেন মার্কেট নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীক হয়েছে। এবং তারাই ধারা বাহিকতায় প্রকল্প অনুমোধন করে e-Gp তে দরপত্র আহবান করে। কার্যাদেশ মোতাবেক কাজ বাস্তবায়ন হচ্ছে। কিন্তু ইতিমধ্যে কতিপয় দুস্কৃতকারী উক্ত স্থানে কিচেন মার্কেট নির্মাণ করার বিরুদ্ধে বিভিন্ন ধরনের অপপ্রচার চালাচ্ছে। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয়ে বিষয়টি নিয়ে আলোচনা করার জন্য অনুরোধ করেন।<br><br>৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন সভায় জানান যে, যারা পৌরসভার কির্চেন মার্কেট নির্মাণ করা নিয়ে বিভিন্ন দরনের অপপ্রচার চালাচ্ছে, তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় তথ্য উপাত্ত সংগ্রহ করে আইন আনুগ ব্যবস্থা গ্রহন করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মুহাম্মদ দিদারুল ইসলাম খন্দকার সভায় জানান যে, মাছ বাজার সংলগ্ন কাঁচা বাজারে বাজার ব্যবসায়ী ও বাজার পরিচালনা কমিটির দীর্ঘদিনের আবেদনের প্রেক্ষিতে পৌরসভা উক্ত স্থানে কিচেন মার্কেট নির্মাণ করার সিদ্ধান্ত গ্রহন করে। তিনি কিচেন মার্কেট নির্মাণ করার অপপ্রচারের বিরুদ্ধে সবাইকে ঐক্যবদ্ধ ভাবে প্রতিবাদ করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন। | মেয়র মহোদয় সভার সম্মতিক্রমে কিচেন মার্কেট নিয়ে অপপ্রচারের বিরুদ্ধে আইন আনুগ ব্যভস্থা গ্রহণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৩ | শারদীয় দুর্গা পূজা উদযাপনে পূজা মন্ডপ পরিদর্শন ও আর্থিক অনুদান বিষয়ে আলোচনাঃ | কার্যসহকারী এবিএম শাহজাহান সভায় জানান যে, আগামী ২০-২৪, অক্টোবর'২০২৩খ্রিঃ তারিখে হিন্দু সম্প্রদায়ের শারদীয় দুর্গা পূজা অনুষ্ঠিত হতে যাচ্ছে। তিনি শারদীয় দুর্গা পুজা উৎসব উপলক্ষ্যে জেলা প্রমাসন কর্তৃক নির্বিঘ্নে পুজা মন্ডপ পরিদর্শন ও উদযাপনের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশনা রয়েছে। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয়ে বিষয়টি নিয়ে আলোচনা করার জন্য অনুরোধ করেন।<br><br>৪নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ নুর নবী সভায় জানান যে, আসন্ন শারদীয় দুর্গা পূজা উদযাপনের নিমেত্তে পুজা মন্ডপ এরিয়ায় বিশেষ করে সাহাপাড়া সড়ক টু দুর্গা মন্দির সড়ক, সুপির হাট সড়ক টু দুর্গা মন্দির সড়ক জরুরী ভিত্তিতে সংস্কারের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>৯নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ফারুকুল ইসলাম বাবলু সভায় জানান যে, ৯নং ওয়ার্ডের রুহিদাস সেবাশ্রমের পুজা মন্ডপ আলেকজান্ডার-সোনাপুর সড়ক হইতে রুহিদাস সেবাশ্রম পর্যন্ত এবং গণি মুন্সী সড়ক হইতে রুহি দাস সেবশ্রম সড়কটি জরুরী ভিত্তিতে সংস্কার করা প্রয়োজন। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন। | মেয়র মহোদয় সভার সম্মতিক্রমে পৌরসভার আওতাধীন সকল পুজা মন্ডপ এরিয়ায় সংযোগ সড়ক গুলো জরুরী ভিত্তিতে সংস্কার ও পুজা মন্ডপ এরিয়ায় নগদ ৫,০০০/- (পাঁচ হাজার) করে প্রদানের পৌর নির্বাহী কর্মকর্তা ও সহকারী প্রকৌশলীকে নির্দেশ প্রদান করেন। |

<table>
<tr><td></td><td></td><td>সংরক্ষিত মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস সভায় জানান যে, ১,২,৩ নং ওয়ার্ডের রাম ঠাকুর আশ্রম, বুড়া কর্তার সেবাশ্রম ও মহাজন বাড়ী দজোয় দুর্গা মন্দিরে শারদীয় দুর্গা পুজা অনুষ্ঠিত হয়। তিনি দর্শনার্থীদের নির্বিঘ্নে পুজা মন্ডপ পরিদর্শনের জন্য পুজা মন্ডপ সংযোগ সড়ক গুলো জরুরী ভিত্তিতে সংস্কারের জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে ১,২ ও ৩নং ওয়ার্ডের কাউন্সিলরবৃন্দ একমত পোষণ করেন।<br><br>৫নং ওয়ার্ড কাউন্সিলর ও রামগতি পৌরসভার প্যানেল মেয়র-০১ সভায় জানান যে, সনাতন ধর্মাবলম্বীদের শারদীয় দুর্গা পুজা উদযাপন উপলক্ষ্যে প্রতি বছর পৌরসভা হইতে কিছু আর্থিক অনুদান প্রদান করা হয়। যাহা পুজা উদযাপন কমিটি আর্থিক ভাবে উপকৃত হয়। তিনি প্রতি বারের ন্যায় এবার ও পুজা মন্ডপে আর্থিক অনুদান প্রদান করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>২নং ওয়ার্ড কাউন্সিলর জনাব তাপস চন্দ্র দাস সভায় জানান যে, দুর্গা পুজা উদযাপনে পুজা কমিটির অনেক টাকা ব্যয় হয়। এই টাকা ভক্তদের দান ও বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের অনুদানের মাধ্যমে ব্যবস্থা করা হয়। তিনি পৌরসভার আওতাধীন প্রতিটি পুজা মন্ডপে আর্থিক অনুদান প্রদান করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।</td><td></td></tr>
<tr><td>০৪</td><td>ডেঙ্গুসহ মশাবাহিত রোগ প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সম্পর্কে আলোচনাঃ</td><td>সহকারী প্রকৌশলী ও পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, দেশব্যাপী ডেঙ্গু মশার প্রাদুর্ভাবের কারনে মশা বাহিত রোগের বিস্তার ঘটছে। তিনি জানান যে, পৌর এলাকার বিভিন্ন হাট বাজার ও গুরুত্বপূর্ণ স্থাপনায় ও শিক্ষা প্রতিষ্ঠান, অফিস আদালতে নিয়ন্ত্রিত মশক নিধন কার্য্যক্রম অব্যাহত রাখার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয়ে বিষয়টি নিয়ে আলোচনা করার জন্য অনুরোধ করেন।<br><br>সংরক্ষিত মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস সভায় জানান যে, মশক নিধন কার্যক্রম পরিচালনা করার জন্য প্রয়োজন বোধে আরও ফগার মেশিন ও ভালো মানের ঔষধ ক্রয় করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন সভায় জানান, ডেঙ্গু মশা নিয়ন্ত্রণে হাট-বাজার, শিক্ষা প্রতিষ্ঠান, অফিস আদালত ও জনসমাগমকৃত এলাকায় চার পাশের ডোবা নালা পরিষ্কার-পরিচ্ছন্নতা করে নিয়মিত মশক নিধন কার্য্যক্রম পরিচালনা করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।</td><td>মেয়র মহোদয় উপস্থিত সভার সিদ্ধান্ত মতে রামগতি পৌর এরিয়ার হাট-বাজার, শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ-মন্দির ও গুরুত্বপূর্ণ সকল স্থাপনার চারপাশের ডোবা-নালা পরিষ্কার করে মশক নিধন কার্য্যক্রম জোরদার ও প্রয়োজন বোধে ফগার মেশির ও মশার ঔষধ ক্রয় করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী প্রকৌশলীকে নির্দেশ প্রদান করেন।</td></tr>
<tr><td>০৬</td><td>পৌরসভার বিভিন্ন বিল প্রদান প্রসঙ্গে আলোচনাঃ</td><td>কোষাধ্যক্ষ জনাব গোলাম মোকতাদির সভায় জানান যে, গত সেপ্টেম্বর'২০২৩খ্রিঃ মাসে নিম্ন লিখিত বিল প্রদান করা হয়।
<table>
<tr><th>তারিখ</th><th>বিবরণ</th><th>টাকা</th></tr>
<tr><td>০৩২০২৩-০৯-</td><td>মুক্তিযোদ্ধা কমপ্লেক্স রোড এর আরসিসি কাজের চুড়ান্ত বিল।</td><td>৭০০.১৯৮,৪৭,</td></tr>
<tr><td>২৭২০২৩-০৯-</td><td>আলেকজান্ডার মাছ বাজার সংলগ্ন ড্রেন পরিষ্কার কাজ</td><td>২৪০০.৮৪০,</td></tr>
<tr><td>২৭২০২৩-০৯-</td><td>জসীম বাঙ্গালীর বাড়ী হইতে উপজেলা কমপ্লেক্সের পিছনের অংশের ড্রেন পরিষ্কার কাজ</td><td>২৪০০.৮৪০,</td></tr>
<tr><td>০৩২০২৩-০৯-</td><td>গীতা রানী দাসসংরক্ষিত মহিলা - মাসের ২০২০,জুলাই ও আগষ্ট-কাউন্সিলর বকেয়া সন্মানী ভাতা।</td><td>১৮০০.০০০,</td></tr>
<tr><td>০৩২০২৩-০৯-</td><td>ডিসেম্বর,হইতে আগষ্ট ২০২২,২০২৩ পর্যন্ত নয় মাসের সংবাদপত্রের বিল</td><td>২০০.৯৪০,</td></tr>
<tr><td>০৩২০২৩-০৯-</td><td>২০২২অর্থ বছরের ট্রেড লাইসেন্স ২০২৩-ভ্যাট</td><td>৭৪০০.৮৯০,</td></tr>
</table></td><td>মেয়র মহোদয় পৌর পরিষদের সম্মতিতে সেপ্টেম্বর'২০২৩ মাসে পরিশোধকৃত বিল সমূহ অনুমোদন হয় এবং বিলের নথীপত্র সমূহ সংরক্ষণ সরার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td></tr>
</table>

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | ০৫২০২৩-০৯- | কামরুল হুদা চৌধুরী অবসরপ্রাপ্ত স্যানেটারী পরিদর্শক লামগ্র্যান্ড বিল | ৫০০০.০০০, | |
| | | ০৭২০২৩-০৯- | বিবি রুপবান-নং ওয়ার্ডের বাসিন্দা৯- আর্থিক সাহায্য | ৫০০.০০০, | |
| | | ০৭২০২৩-০৯- | নুর মোহাম্মদ-নং ওয়ার্ডের বাসিন্দা৫- আর্থিক সাহায্য | ২০০.৫০০, | |
| | | ০৭২০২৩-০৯- | মরিয়ম বেগম-নং ওয়ার্ডের বাসিন্দা১- আর্থিক সাহায্য | ৫০০.০০০, | |
| | | ০৭২০২৩-০৯- | শাহানাজ আক্তার-নং ওয়ার্ডের বাসিন্দা৫ - আর্থিক সাহায্য | ২০০.০০০, | |
| | | ০৭২০২৩-০৯- | বিবি ছায়েরা-নং ওয়ার্ডের বাসিন্দা৭- আর্থিক সাহায্য | ৫০০.০০০, | |
| | | ১০২০২৩-০৯- | আগষ্টইং মাসের মাষ্টাররোল ২০২৩, কর্মচারীদের বেতন বিল | ৭০০০.০০০, | |
| | | ১০২০২৩-০৯- | জয়নাল আবেদীনজুলাই ও -কাউন্সিলর- মাসের বকেয়া সন্মানী ভাতা। ২০২০,আগষ্ট | ১৮০০.০০০, | |
| | | ১০২০২৩-০৯- | মুহাম্মদ দিদারুল ইসলাম খন্দকার- ,-আগষ্ট-কাউন্সিলর২০২০ মাসের বকেয়া সন্মানী ভাতা। | ২৭০০.০০০, | |
| | | ১১২০২৩-০৯- | ছৈয়দ মুর্তাজা আল আমিন-কাউন্সিলর- মাসের বকেয়া ২০২০,অক্টোবর ও নভেম্বর সন্মানী ভাতা। | ১৮০০.০০০, | |
| | | ১৮-০৯-২০২৩ | সেপ্টেম্বরটি মিটারের ৭মাসের  ২০২৩, বিদ্যুৎ বিল | ১৩০০.৭১৮, | |
| | | ১৮২০২৩-০৯- | বেলাল উদ্দিন-নং ওয়ার্ডের বাসিন্দা৬- আর্থিক সাহায্য | ২০০.০০০, | |
| | | ১৮২০২৩-০৯- | জালাল আহাম্মদ-নং ওয়ার্ডের বাসিন্দা৩- আর্থিক সাহায্য | ২০০.০০০, | |
| | | ২৪২০২৩-০৯- | নুর বানু-নং ওয়ার্ডের বাসিন্দা৪-আর্থিক সাহায্য | ২০০.০০০, | |
| | | ২৫২০২৩-০৯- | ফেব্রুয়ারীমাসের মেয়র ও  ২০২৩, কাউন্সিলরবৃন্দের সন্মানী ভাতা | ১০০.০০০,৩৮, | |
| | | ২৫২০২৩-০৯- | নভেম্বরমাসের কর্মচারীদের বেতন  ২০২২, ও ভাতাদি | ৭০০.৭৫৮,৩৫, | |
| | | ২৫২০২৩-০৯- | সহকারী প্রকৌশলীমাসের  ২০২৩,জুলাই- বেতন ওভাতাদি | ৫২০০.০৮০, | |
| | | ২৫২০২৩-০৯- | উপ ২০২৩,জুলাই-সহকারী প্রকৌশলী - -মাসের৩দিনের বেতন ও ভাতাদি | ২০০.৪৭০, | |
| | | ২৬২০২৩-০৯- | কামরুল হুদা চৌধুরী অবসরপ্রাপ্ত স্যানেটারী পরিদর্শক লামগ্র্যান্ড বিল | ২০০০.০০০, | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(এম মেজবাহ উদ্দিন)
মেয়র
রামগতি পৌরসভা।

স্মারক নং-রাপৌ/সভাঃ কাঃ/২০২৩-৩৫৫ তারিখঃ ১৯/১০/২০২৩খ্রিঃ

**<u>অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণঃ</u>**

১। জেলা প্রশাসক,লক্ষ্মীপুর।
২। জনাব...........................................................কাউন্সিলর(সকল),রামগতি পৌরসভা।
৩। জনাব.........................................................শাখা.......................রামগতি পৌরসভা।
৪। সংশ্লিষ্ট নথি।

(এম মেজবাহ উদ্দিন)
মেয়র
রামগতি পৌরসভা।